

বিশ্বব্যাংক তার নামের অপব্যবহার করে প্রতারণার বিষয়ে সতর্ক করছে

ঢাকা, ১২ ডিসেম্বর, ২০২০: সম্প্রতি বাংলাদেশে, অনলাইনে বিশ্বব্যাংকের নাম ও লোগোর অপব্যবহার করে, ফি এর বিনিময়ে ঋণ প্রদানের উপর প্রতিবেদন প্রকাশিত হয়েছে, এই প্রতারণার বিষয়ে বিশ্বব্যাংক সাধারণ মানুষকে সতর্ক করছে।

বিশ্বব্যাংক সরাসরি কাউকে ঋণ প্রদান করে না এবং কোনো ব্যক্তিগত আর্থিক তথ্য জিজ্ঞাসা করে না।

দুষ্কৃতকারীরা বিশ্বব্যাংকের অনুকরণে ফেসবুক পেজ তৈরি সহ বিভিন্ন কৌশল ব্যবহার করে মোবাইল ব্যাংকিংয়ের মাধ্যমে অর্থপ্রদানের প্রলোভন দেখাচ্ছে।

বিশ্বব্যাংকের এই ধরনের কর্মকান্ড বা স্কিমের সাথে কোনো সম্পৃক্ততা নেই, তাই অনলাইনে বিশ্বব্যাংকের নামে আসা এইরকম অনুরোধের ব্যাপারে সাবধান ও সতর্ক থাকুন।